জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন
৮২ সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।
www.nha.gov.bd

স্মারক নং : ২৫.৩৮.০০০০.৩০২.১১.০০১.২৫–৬৪৯

তারিখ : ০৭ /০৪/২০২৫ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, প্রশাসন অনুবিভাগ-১, প্রশাসন অধিশাখা-১৭ এর ০৩ নভেম্বর ২০২৪ তারিখের ২৫.০০.০০০০.০৫৩.০১১.০০২.১৬-২৬১ নং স্মারকপত্র মূলে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের (কর্মকর্তা/কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৫ এবং সংশ্লিষ্ট অন্যান্য বিধি অনুযায়ী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিম্নবর্ণিত কর্মকর্তা/কর্মচারীদের শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে অনলাইনে (**http://nha.teletalk.com.bd** ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতিত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | সহকারী স্থপতি<br>বেতন স্কেল: টাকা ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ০১<br>(এক) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্থাপত্যে অন্যূন ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ০২ | সহকারী পরিচালক<br>বেতন স্কেল: টাকা ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ০২<br>(দুই) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ০৩ | সহকারী প্রকৌশলী (সিভিল)<br>বেতন স্কেল: টাকা ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | ০৫<br>(পাঁচ) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশলে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ০৪ | উপ সহকারী প্রকৌশলী (সিভিল)<br>বেতন স্কেল: টাকা ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | ০৬<br>(ছয়) | কোন স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হতে পুর-কৌশলে অন্যূন ২য় শ্রেণীর ডিপ্লোমা। |
| ০৫ | উপ সহকারী প্রকৌশলী (ই/এম)<br>বেতন স্কেল: টাকা ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | ০১<br>(এক) | কোন স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হতে তড়িৎ বা যান্ত্রিক কৌশলে অন্যূন ২য় শ্রেণীর ডিপ্লোমা। |
| ০৬ | প্রশাসনিক কর্মকর্তা (এস্টেট)<br>বেতন স্কেল: টাকা ১৬০০০-৩৮৬৪০ (গ্রেড-১০) | ০১<br>(এক) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন স্নাতকোত্তর ডিগ্রী। |
| ০৭ | বিভাগীয় হিসাবরক্ষক<br>বেতন স্কেল: টাকা ১২৫০০-৩০২৩০ (গ্রেড-১১) | ০১<br>(এক) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে অন্যূন ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ০৮ | ব্যক্তিগত সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>বেতন স্কেল: টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) | ০৫<br>(পাঁচ) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার ডাটা এন্ট্রি অপারেশনে ফান্ডামেন্টাল কোর্স সার্টিফিকেট এবং বাংলা ও ইংরেজী শর্টহ্যান্ডে প্রতি মিনিটে নির্ভুল গতি যথাক্রমে ৫০ ও ৮০ টি শব্দ এবং কম্পিউটারে বাংলা ও ইংরেজী টাইপিং এ গতি প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪০ শব্দের নির্ভুল গতি থাকতে হবে। |
| ০৯ | অডিটর<br>বেতন স্কেল: টাকা ৯৭০০-২৩৪৯০ (গ্রেড-১৫) | ০১<br>(এক) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে অন্যূন স্নাতক ডিগ্রী। |
| ১০ | ড্রাফটসম্যান<br>বেতন স্কেল: টাকা ৯৭০০-২৩৪৯০ (গ্রেড-১৫) | ০৩<br>(তিন) | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ২ বৎসর মেয়াদী ড্রাফটসম্যানশীপে ২য় শ্রেণীর ডিপ্লোমা এবং কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১১ | অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর<br>বেতন স্কেল: টাকা ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ১৭<br>(সতের) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ এবং কম্পিউটারে ফান্ডামেন্টাল কোর্সসহ কম্পিউটার-এ বাংলা ও ইংরেজী টাইপিং-এ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪০ শব্দের নির্ভুল গতি থাকতে হবে। |
| ১২ | হিসাব সহকারী<br>বেতন স্কেল: টাকা ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ০৫<br>(পাঁচ) | কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ এবং কম্পিউটারে ফান্ডামেন্টাল কোর্সসহ কম্পিউটার-এ বাংলা ও ইংরেজী টাইপিং-এ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪০ শব্দের নির্ভুল গতি থাকতে হবে। |
| ১৩ | ভার্টিকেল ট্রান্সপোর্ট এটেনডেন্ট (ভিটিএ)<br>বেতন স্কেল: টাকা ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ০২<br>(দুই) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ লিফট পরিচালনা ও রক্ষণাবেক্ষণে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৪ | জুনিয়র অডিটর<br>বেতন স্কেল: টাকা ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ০২<br>(দুই) | কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ এবং কম্পিউটারে ফান্ডামেন্টাল কোর্সসহ কম্পিউটারে বাংলা ও ইংরেজী টাইপিং এ প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪০ শব্দের নির্ভুল গতি থাকতে হবে। |
| ১৫ | ড্রাইভার<br>বেতন স্কেল: টাকা ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ০৩<br>(তিন) | অষ্টম শ্রেণী উত্তীর্ণ এবং হালকা ও ভারী যানবাহন চালানোর বৈধ লাইসেন্সসহ ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৬ | চেইনম্যান (শিকল বাহক)<br>বেতন স্কেল: টাকা ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ০১<br>(এক) | অষ্টম শ্রেণী উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৭ | এম,এল,এস,এস<br>বেতন স্কেল: টাকা ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ১২<br>(বার) | অষ্টম শ্রেণী উত্তীর্ণ। |
| ১৮ | গার্ড<br>বেতন স্কেল: টাকা ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ১৮<br>(আঠার) | অষ্টম শ্রেণী উত্তীর্ণ। প্রার্থীকে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |

CamScanner

২। নিম্নবর্ণিত শর্তাবলী **আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

ক. সকল পদের প্রার্থীর ক্ষেত্রেই ০১.০৪.২০২৫ ইং তারিখে বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ. নিয়োগের ক্ষেত্রে সরকার নির্দেশিত কোটা (মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) অনুসরণ করা হবে।

গ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

ঘ. চাকুরির আবেদন ফরমে (Applicants Copy) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতাসহ সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকুরির জন্য নির্বাচিত হলে চাকুরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকুরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না।

ঙ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

চ. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ছ. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Applicants Copy সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে।

জ. গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং-২৫.০৬.০০০০.০১৪.১১.০০২.১৬-৪২২, তারিখ-২৯/০৬/২০১৬ খ্রি: এবং স্মারক নং-২৫.০০. ০০০০.০১৩.১১.০০১.০৬-১১০৫, তারিখ-২৪/১০/২০১৬ খ্রি: এর প্রেক্ষিতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের স্মারক নং-জাগৃক/উপ(প্রপ্র)/ ২২/১৮১(৭ম খন্ড)/১১১৯, তারিখ-১৫/১১/২০১৬ খ্রি: এর মাধ্যমে দৈনিক যুগান্তর, দৈনিক আমার কাগজ পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করে ০৫/০৮/২০১৭ খ্রি: তারিখে অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর ০১টি পদ ও ভার্টিক্যাল ট্রান্সপোর্ট এটেনডেন্ট ০২টি পদে যারা পরীক্ষায় অংশগ্রহণ করেছিল তারা অত্র সার্কুলারের আওতায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। কিন্তু তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নাই।

ঝ. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

ঞ. কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করতে পারবে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ট. জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.nha.gov.bd) এ বিজ্ঞপ্তি দেখা যাবে।

**৩। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ **http://nha.teletalk.com.bd** ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫.০৪.২০২৫ সকাল ৯:০০ টা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৪.০৫.২০২৫ বিকাল ৫:০০ টা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের (Applicants Copy) একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। Go Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ১-৬ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ২৩ (তেইশ) টাকা মোট ২২৩ (দুইশত তেইশ) টাকা, ৭ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১৮/- (আঠারো) টাকাসহ মোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা এবং ৮-১৫নং ক্রমিকের জন্য ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/-(বারো) টাকাসহ সর্বমোট ১১২/-(একশত বারো) টাকা এবং ১৬-১৮নং ক্রমিকের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ০৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিতে হবে। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬(ছায়ান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS: NHA<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **NHA ABCDEF**

Reply: Applicant's Name, Tk- (application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type NHA<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: NHA<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **NHA YES 12345678**

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for NHA Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

CamScanner

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://nha.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে NHA<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: NHA Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: NHA<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: NHA Help PIN 12345678 & send to 16222.

ঝ. পত্রিকা ছাড়াও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট http://nha.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য এছাড়া QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের https:/alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। পোর্টাল দেখা যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে 121 নাম্বারে ফোন করে তথা জানা যাবে অথবা alljobs query@teletalk.com.bd মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া, টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https//www.facebook.com/alljobsbdteletalk মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail মেসেজ এর Subject এ Organization Name: NHA, Post Name:*** Applicant's User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

ট. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষনা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

**৪. প্রার্থীর যোগ্যতা যাচাই:**

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক, পৌরসভার প্রশাসক/সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক অথবা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(গ) কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;

(ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক, পৌরসভার প্রশাসক/সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক অথবা নবম গ্রেড তদূর্ধ্ব গেজেটেড কর্মকর্তা (প্রাক্তন প্রথম শ্রেণি) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত অনুলিপি;

(চ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy);

৫. উপরে উল্লেখ করা হয়নি এমন যে কোন বিষয় জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

(কাজী আতিয়ুর রহমান)
সদস্য (প্রশাসন ও অর্থ)
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
ও
সদস্য সচিব
০৭-২০ তম গ্রেডভুক্ত কর্মচারীদের নিয়োগ/পদোন্নতি,
টাইম স্কেল, সিলেকশন গ্রেড স্কেল প্রদান সম্পর্কিত কমিটি
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।

স্মারক নং : ২৫.৩৮.০০০০.৩০২.১১.০০১.২৫- ৬৪১/১(৫)

তারিখ : ০৭ /০৪/২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সদস্য (প্রশাসন ও অর্থ), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। প্রোগ্রামার (কম্পিউটার সেল), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
০৪। পিএস টু চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। অফিস কপি।

(মোঃ মুশফিকুল ইসলাম)
উপ-পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)

CamScanner